West Bengal State University
B.A./B.Sc./B.Com (Honours, Major, General) Examinations, 2015
PART – II
বাংলা — সাধারণ
দ্বিতীয় পত্র

Duration : 3 Hours] [Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। অভিসারের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে তোমার পাঠ্য পদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো।

"কি মোহিনী জান বধু কি মোহিনী জান।
অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন।।"

— এই অংশটি বৈষ্ণব পদাবলীর কোন্ রস পর্যায়ের অন্তর্ভুক্ত ? সেই রস পর্যায়ের সংজ্ঞা ও বৈশিষ্ট্য নিরূপণ করো এবং এই পর্যায়ের একজন শ্রেষ্ঠ কবির শ্রেষ্ঠত্বের কারণ বিশ্লেষণ করো। ১ + ৪ + ১০

২। 'মেঘনাদ বধ' কাব্যে প্রথম সর্গে রাবণের রাজসভার যে বর্ণনা দেওয়া হয়েছে তা নিজের ভাষায় বিবৃত করো।

অথবা

'মেঘনাদ বধ' কাব্যের প্রথম সর্গের নাম কি ? এই সর্গের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করে নামকরণ সার্থক হয়েছে কিনা আলোচনা করো। ১ + ৬ + ৮

৩। 'বাঁশি' কবিতায় রবীন্দ্রনাথ ঠাকুর হরিপদ কেরানীর জীবনের পরিচয়ে যে সাধারণ মানুষের জীবনের প্রত্যাশা ও প্রাপ্তিকে তুলে ধরেছেন তার বর্ণনা দাও। ১৫

অথবা

'প্রথম পূজা' কবিতাটির মধ্য দিয়ে কবি অস্পৃশ্যতা ও অমানবিকতার বিরুদ্ধে প্রচ্ছন্ন প্রতিবাদ জানিয়েছেন আলোচ্য কবিতায় তা কিভাবে অভিব্যক্ত হয়েছে নিজের ভাষায় আলোচনা করো। ১৫

৪। "কত রাজা আসে যায় ইতিহাসে, ঈর্ষা আর দ্বেষ

আকাশ বিষাক্ত করে

জল কালো করে ..."

— উদ্ধৃতিটি কোন্ কবিতার অংশ ? কবির নাম কি ? এই উদ্ধৃতিটির আলোকে কবি ভারতবর্ষের যে রূপের কথা বলেছেন তা আলোচনা করো। ১ + ১ + ১৩

"গুরুমশাই

অন্ধকারের মধ্যে তুমি দেশ দেখাচ্ছ।"

— কোন্ কবিতার পঙ্‌ক্তি ? কবির নাম উল্লেখ করো। অন্ধকারে দেশ দেখানো বলতে কি বোঝানো হয়েছে ? ১ + ১ + ১৩

৫। নীচে উদ্ধৃত অংশগুলির রচয়িতার নাম ও প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো ৪ × ৫ = ২০

ক) "কন্টক গাড়ী কমল সম পদতল

মঞ্জীর চীরহি ঝাঁপি।"

"অভিনব হেম কল্পতরু সঞ্চরু

সুরধুনী তীরে উজোর।

চঞ্চল চরণ কমল তলে ঝঙ্করু

ভকত-ভ্রমরগণ ভোর।।"

খ) "একটি রতন মোরে দিয়াছিল বিধি

কৃপাময়, দীন আমি থুয়েছিনু তারে

রক্ষা হেতু তব কাছে, রক্ষঃকুল মণি,

তরুর কোটরে রাখে শাবকে যেমতি

পাখী...।"

"ফুল দল দিয়া

কাটিলা কি বিধাতা শাল্মলী তরুবরে ?"

গ) "ওর লোভ নেই —
ও কিছু রাখতে চায় না, শুধু দেখতে চায়,
কি আছে ভিতরে।"

"হায় রে সামান্য মেয়ে
হায় রে বিধাতার শক্তির অপব্যয়।"

ঘ) "বাংলার ঘরে ঘরে গুপ্তচর এ জিজ্ঞাসা;
এত সবুজ বাসা ! ভিটে ভাঙার পালা কি এল এবার ?"

অথবা

"বুকের মধ্যে সুগন্ধি রুমাল রেখে বরুণা বলেছিল
যেদিন আমায় সত্যিকারের ভালোবাসবে
সেদিন আমার বুকেও এ-রকম আতরের গন্ধ হবে।"

উদাহরণসহ দলবৃত্ত ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করো।

উদাহরণসহ যে কোনো তিনটি বিষয়ে আলোচনা করো ৩ × ৪ = ১২

পদ, উপপর্ব, লঘু যতি, পূর্ণ যতি, মুক্ত দল।

যে কোনো দুটি বিষয়ে ছন্দোলিপি রচনা করো ২ × ৪ = ৮

ক) আমি ক্লান্ত প্রাণ এক চারিদিকে জীবনের সমুদ্র সফেন
আমারে দু-দণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।

খ) মেঘ মুলুকে ঝাপসা রাতে
রামধনুকের আবছায়াতে,
তাল বেতালে খেয়াল সুরে
তান ধরেছি কন্ঠ পুরে।

গ) রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।।

ঘ) বাংলার ঘরে ঘরে গুপ্তচর এ জিজ্ঞাসা
এত সবুজ বাসা ! ভিটে ভাঙার পালা কি এল এবার ?

ঙ) তোমাকে চাই আমি তোমাকে চাই
তোমাকে ছাড়া নেই শান্তি নেই
রক্ত কিংশুকে জ্বালিয়ে দাও
আমার বৈশাখী রাত্রি দিন —

West Bengal State University
B.A./B.Sc./B.Com (Honours, Major, General) Examinations, 2015
PART – II

বাংলা — সাধারণ
তৃতীয় পত্র

সময় : ৩ ঘন্টা পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। ক) "কিন্তু কেবল অতীত বর্তমান নহে, প্রত্যেক মানুষের মধ্যে অতলস্পর্শ বিরহ ।" রবীন্দ্রনাথের 'মেঘদূত' প্রবন্ধ অবলম্বনে এই অতলস্পর্শ বিরহের স্বরূপ নির্ণয় করো । ১৫

অথবা

খ) "অতএব পূর্ব-পশ্চিমের চিত্ত যদি বিচ্ছিন্ন হয় তাহলে উভয়েই ব্যর্থ হবে ।" প্রবন্ধকারের বক্তব্য অনুসরণে উক্তিটির তাৎপর্য বিচার করো ।

২। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ১ × ৫ = ৫

ক) "দুঁহু কোরে দুঁহু কাঁদে বিচ্ছেদ ভাবিয়া" — কবিতাংশটি কোন্ প্রবন্ধে ব্যবহৃত ? এটি কোন্ পর্যায়ের পদ ও পদটির রচয়িতা কে ? প্রাবন্ধিক পদটির মাধ্যমে কি বোঝাতে চেয়েছেন ? ১ + ১ + ১ + ২

খ) "ত্যাগের দ্বারাই বলের পরিচয় ঘটে ।" — কোন্ প্রবন্ধের অংশ ? উক্তিটির অর্থ বিচার করো । ১ + ৪

গ) "মত্ত দাদুরী, ডাকে ডাহুকী,
ফাটি যাওত ছাতিয়া ।"

— কোন্ প্রবন্ধের অংশ ? কোন্ পর্যায়ের পদ ? কার লেখা পদ ? প্রাবন্ধিক পদটির মাধ্যমে কি বোঝাতে চেয়েছেন ? ১ + ১ + ১ + ২

৩। ক) 'কপালকুন্ডলা' উপন্যাসে নবকুমার চরিত্রটি বিশ্লেষণ করো ।

অথবা

খ) ''কপালকুণ্ডলা' উপন্যাসে অপ্রাকৃত ও আকস্মিক ঘটনা, নিয়তিলীলারহস্য প্রভৃতি উপাদান শিল্পকলাসম্মত রূপ ধারণ করিয়াছে'' — এই অভিমতের যৌক্তিকতা নির্ধারণ করো । ১৫

৪। যে কোনো **একটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ১ × ৫ = ৫

ক) ' ... পরের কাষ্ঠাহরণ করা যাহার স্বভাব, সে পুনর্ব্বার পরের কাষ্ঠাহরণে যাইবে । তুমি অধম — তাই বলিয়া আমি উত্তম না হইব কেন ?' — এখানে কার স্বভাবের কথা বলা হয়েছে ? শেষোক্ত উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো । ১ + ৪

খ) 'এক আকাশে কি চন্দ্র-সূর্য উভয়েই বিরাজ করেন না ? এক বৃন্তে কি দুটি ফুল ফোটে না' — উক্তিটি কে কাকে করেছে ? প্রসঙ্গ নির্দেশ করো । ১ + ১ + ৩

গ) 'যদি জানিতাম যে, স্ত্রীলোকের বিবাহ দাসীত্ব, তবে কদাপি বিবাহ করিতাম না ।' — কে, কাকে একথা বলেছে, প্রসঙ্গ নির্দেশ করো । ১ + ১ + ৩

৫। ক) রমা চরিত্রটি অঙ্কনে শরৎচন্দ্রের দক্ষতা বিচার করো । চরিত্রটির পরিণতি সুসঙ্গত হয়েছে কিনা বিচার করো । ১২ + ৩

অথবা

খ) 'পল্লীসমাজ' উপন্যাসে তৎকালীন বাংলাদেশের গ্রামীণ সমাজের যে চালচিত্র চিত্রিত হয়েছে — তার সংক্ষিপ্ত পরিচয় দাও । ১৫

৬। যে কোনো **একটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ১ × ৫ = ৫

ক) 'ও ডালে ডালে বেড়ায় ত আমি পাতায় পাতায় ফিরি যে ।' — কে, কাকে, কোন্ প্রসঙ্গে একথা বলেছে ? ১ + ১ + ৩

খ) ''কয়লাকে ধুয়ে তার রঙ বদলানো যায় না মা, তাকে আগুনে পোড়াতে হয় ।'' — কার উক্তি ? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো । ১ + ৪

গ) ''মিথ্যেকে ঘাঁটাঘাঁটি করে জাগিয়ে তুললেই তার পরমায়ু বেড়ে ওঠে ।'' — কে, কাকে এই উপদেশ বাক্যটি বলেছিলেন ? এই বাক্যটি ব্যবহারের কারণ কি ?

৭। 'রাজা ও রাণী' নাটকে চরিত্রগুলির মধ্যে বিক্রম চরিত্রই সর্বাপেক্ষা বিকাশধর্মী — আলোচনা করো। ১৫

অথবা

ট্রাজেডি হিসেবে 'রাজা ও রাণী' নাটকের সার্থকতা বিচার করো।

৮। যে কোনো **একটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ১ × ৫ = ৫

ক) "অনুস্বর ধনুঃস্বর নহে, মহারাজ, কেবল টংকার মাত্র।" — কার প্রতি কার উক্তি ? উক্তিটির তাৎপর্য কি ? ১ + ১ + ৩

খ) "অন্তরে প্রেয়সী তব, বাহিরে মহিষী" — কার প্রতি কার উক্তি ? উক্তিটির মধ্যে দিয়ে বক্তা চরিত্রের কি বৈশিষ্ট্য ফুটে উঠেছে ? ১ + ১ + ৩

গ) "নারী হয়ে রাজকার্য্যে দিয়ো না দিয়ো না হাত।" — কে কার উদ্দেশ্যে কথাটি বলেছেন ? প্রসঙ্গ নির্দেশ করো। ১ + ১ + ৩

৯। ক) 'পুঁইমাচা' গল্পটি ছোটগল্প হিসাবে কতদূর সার্থক তা বিশ্লেষণ করো।

অথবা

খ) "উপস্থিত বুদ্ধি, সংগ্রামী মেজাজ, কূটকৌশল এবং মাতৃত্ব বোধে ময়নার মা বাংলা সাহিত্যে এক অপূর্ব চরিত্র।" — 'হারানের নাতজামাই' গল্প অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১৫

১০। যে কোনো **একটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ১ × ৫ = ৫

ক) "আমি তখন থেকে ভয়ে মরি" — কে ভয় পেয়েছিল ? কেন ভয় পেয়েছিল ? ১ + ৪

খ) "এ কি বিচার ! এ কাহার বিরুদ্ধে বিচার !" — কে কোথায় কেন এই মন্তব্য করেছিল ?

১ + ১ + ৩

গ) "ফুল আর কবিতার বই দাও, সেই ভালো" — কে, কাকে এই পরামর্শ দিয়েছে ? প্রসঙ্গ নির্দেশ করো। ১ + ১ + ৩